আজকের কাগজ

তারিখ ... 12 FEB 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫ ...

7

# সুনামগঞ্জে ৫৭টি প্রধান শিক্ষক ও ৫৫টি সহকারী প্রাথমিক শিক্ষকের পদ শূন্য

সুনামগঞ্জ জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকের ৫৭টি এবং সহকারী শিক্ষকের ৫৫টি পদ দীর্ঘ দিন যাবৎ শূন্য রয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলায় ৮৬০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এই বিদ্যালয়গুলোর মধ্যে সুনামগঞ্জ সদরে ৬ জন প্রধান শিক্ষক, ১০ জন সহকারী শিক্ষক, ছাতকে ১৩ জন প্রধান শিক্ষক, ২ জন সহকারী শিক্ষক, জগন্নাথপুরে ১১ জন প্রধান শিক্ষক ও ১৩ জন সহকারী শিক্ষক, জামালগঞ্জে ২ জন প্রধান শিক্ষক, ৭ জন সহকারী শিক্ষক, দিরাই-এ ৪ জন প্রধান শিক্ষক, ৯ জন সহকারী শিক্ষক, শাল্লায় ১ জন প্রধান শিক্ষক, ৪ জন সহকারী শিক্ষক, ধর্মপাশায় ৮ জন প্রধান শিক্ষক ও ৫ জন সহকারী শিক্ষক, তাহিরপুরে ১ জন প্রধান শিক্ষক ও ৩ জন সহকারী শিক্ষক, দোয়ারা বাজারে ৯ জন প্রধান শিক্ষক ও ২ জন সহকারী শিক্ষক ও বিশম্ভপুর থানায় ৫ জন প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। সুনামগঞ্জ থেকে আবেদ মাহমুদ চৌধুরী।